Total number of printed pages–4

4 (Sem–3) FBEN–II

# 2023

## BENGALI

( Functional MIL–II )

Paper : 3·2

*Full Marks : 80*

Time : Three hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×১০=১০

(ক) ‘বিচিত্র প্রবন্ধ’ প্রথম কোন মাসে প্রকাশিত হয়?

(খ) ‘জানি নিন্দায় _______ আছে।’

*(শূন্যস্থান পূর্ণ করো)*

(গ) ব্যাঙের ডাক কিসের সঙ্গে খাপ খায়?

(ঘ) বাংলা প্রতিশব্দ লেখো ঃ Debenture

(ঙ) কেকাধ্বনি কিসের ডাক?

(চ) ‘সাত সমুদ্রের জল _______ পরিপূর্ণ।’

*(শূন্যস্থান পূর্ণ করো)*

(ছ) বাংলা প্রতিশব্দ লেখো ঃ Bonus

*Contd.*

(জ) ইংরেজের সাহিত্যে শরৎ ________।

*(শূন্যস্থান পূর্ণ করো)*

(ঝ) 'পরনিন্দা' প্রবন্ধটি কোন সালে রচিত হয়েছিল?

(ঞ) শরতের রঙটি কিসের রঙ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) কিসের পরিচয় পেলে মানুষ 'প্রকৃতের পরিচয় পাইলাম' বলে খুশি হয়ে ওঠে?

(খ) 'জয়দেবের ________ ভালো বটে, কিন্তু ________ নহে।' *(শূন্যস্থান পূর্ণ করো)*

(গ) 'Subsidy' শব্দটির *দুটি* বাংলা প্রতিশব্দ লেখো।

(ঘ) 'পশ্চিমে শরতের গানে দেখি ________ ________ কথা।' *(শূন্যস্থান পূর্ণ করো)*

(ঙ) টীকা লেখো ঃ 'কুমারসম্ভব'।

৩। পত্র লেখো ঃ *(যে-কোনো দুটি)* ৫×২=১০

(ক) তুমি একটি বিদেশী কোম্পানীর নিকট অগ্রিমসহ যে মালের নির্দেশ দিয়েছিলে, তা সরবরাহ করা হয়েছে। কিন্তু তা নিম্নমানের। উদ্বৃত্ত অর্থ ফেরত পাঠাবার অনুরোধ করে কোম্পানীর নিকট পত্র লেখো।

(খ) তোমার প্রতিষ্ঠান যে পণ্য উৎপাদন করে, তা ক্রয় করতে কোনও বিদেশী প্রতিষ্ঠান ইচ্ছুক। তোমার সম্মতি ও শর্তাদি জানিয়ে একখানি পত্র লেখো।

(গ) তুমি একটি নতুন ব্যবসায় প্রতিষ্ঠা করবে। ব্যাঙ্কে তোমার হিসাবে যে অঙ্ক জমা আছে, তা যথেষ্ট নয়। জমাতিরিক্ত ঋণ প্রার্থনা করে তোমার ব্যাঙ্কের নিকট একখানি আবেদন পত্র রচনা করো।

৪। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ *(যে-কোনো দুটি)* ৫×২=১০

(ক) "মহত্ত্বকে পদে পদে নিন্দার কাঁটা মাড়াইয়া চলিতে হয়।"

(খ) "আশা করি, শনিগ্রহের অধিবাসীদেরও এমন দশা নয়।"

(গ) "বাহিরের বাজে মিষ্টতায় আসল জিনিষের মূল্য নামাইয়া দেয়।"

৫। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ *(যে-কোনো দুটি)* ১০×২=২০

(ক) 'শরৎ' প্রবন্ধে রবীন্দ্রনাথ শরতের একটি প্রাণ ও একটি ভাবের দিক দেখিয়েছেন, সেই প্রাণ ও ভাব কি তা রবীন্দ্রনাথের অনুসরণে আলোচনার দ্বারা বুঝিয়ে দাও।

(খ) 'পরনিন্দা' প্রবন্ধে রবীন্দ্রনাথ লোকসমাজে নিন্দার প্রয়োজনীয়তা যেমন স্বীকার করেছেন, তেমনি মানুষের স্বভাবধর্মেরও নিগূঢ় দিকটি উদ্‌ঘাটন করেছেন।— আলোচনার দ্বারা এই উক্তির যথার্থতা নিরূপণ করো।

(গ) 'কেকাধ্বনি' প্রবন্ধটিতে আপাত কর্কশ কেকাধ্বনিকে রবীন্দ্রনাথ কিভাবে শিল্প সৌন্দর্যাস্বাদনের উপকরণ হিসাবে প্রতিষ্ঠিত করেছেন?

(ঘ) "রবীন্দ্রনাথের 'বিচিত্র প্রবন্ধ' বাংলা আত্মভাবনিষ্ঠ অর্থাৎ ব্যক্তিগত প্রবন্ধের ক্ষেত্রে এক অভিনব ও অবিস্মরণীয় সংযোজন।"—উক্তিটির যাথার্থ্য প্রতিপন্ন করো।

৬। নিম্নলিখিত বাণিজ্যিক শব্দাবলীর পারিভাষিক বাংলা প্রতিশব্দ লেখো : *(যে-কোনো দশটি)* ১×১০=১০

**Providend fund, Agreement, Rebate, Balance sheet, Agenda, Royalty, Auditor, Hire Purchase, Quorum, Lien, Gratuity, Audit, Copyright, Annual return, Overdraft.**

৭। সারাংশ লেখো : ১০×১=১০

ঘাটতি ব্যয়ের বিপদের সম্ভাবনার ইঙ্গিত যিনি প্রথমে দিয়েছিলেন, তিনি আধুনিক কালের একজন প্রখ্যাত অর্থশাস্ত্রী অধ্যাপক ক্যালডোর। তিনি কেইন্‌কেসীয় নীতির বিরোধিতা করে ভারতের পক্ষে ঘাটতি ব্যয়ের বিপদের প্রতি অঙ্গুলি-সংকেত করেন। তাঁর অভিমতকে স্বীকৃতি জানিয়ে ভারত সরকার দ্বিতীয় পরিকল্পনায় ঘাটতি ব্যয়ের পরিমাণকে কাটছাঁট করে ১২০০ কোটি টাকা থেকে ১০৯২ কোটি টাকায় নামিয়ে এনেছিল। তৃতীয় পরিকল্পনায় ঘাটতি ব্যয় সরবরাহকে আরও হ্রাস করা হয়। সরকার যে ঘাটতি ব্যয়ের বিপদ সম্পর্কে সচেতন, এটাই তার প্রমাণ। প্রথম দুটি পরিকল্পনায় উৎপাদন বৃদ্ধির যে সমস্ত সুযোগ-সুবিধা দেখা দিয়েছে, তার নগণ্যতার বিচারে ঘাটতি ব্যয়কে আর অধিক প্রশ্রয় দেওয়া চলে না। তাহলে মুদ্রাস্ফীতি অনিবার্য রূপে দেখা দেবে। এভাবে মুদ্রাস্ফীতি রোধ করা গেলেও দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করা যাবে না। এখন আমরা এটাই হাড়ে হাড়ে টের পাচ্ছি।